

I·C·A·C

INDEPENDENT COMMISSION
AGAINST CORRUPTION

NEW SOUTH WALES

উইটনেস লিয়াজোঁ
অফিসার

উইটনেস লিয়াজোঁ অফিসার কী?

NSW ইন্ডিপেনডেন্ট কমিশন এগেইনস্ট করাপশন (“কমিশন”) এর এখন একজন উইটনেস লিয়াজোঁ অফিসার আছে। উইটনেস লিয়াজোঁ অফিসারের কাজ হল সাক্ষীদের সুস্থতার প্রয়োজনীয়তার দিকে খেয়াল রাখা। উইটনেস লিয়াজোঁ অফিসার একজন যোগ্য সমাজকর্মী যিনি অপরাধের শিকার, সাক্ষী এবং পারিবারিক সহিংসতা, যৌন নিপীড়ন, এবং হত্যা/হত্যার বিচারে জড়িত পরিবারের সদস্যদের সাথে কাজ করার জন্য অভিজ্ঞতা সম্পন্ন।

একজন সাক্ষী হিসেবে সাক্ষী লিয়াজোঁ আমাকে কিভাবে সাহায্য করতে পারে?

উইটনেস লিয়াজোঁ অফিসার কমিশন অফিসারদের কাছ থেকে সাক্ষীদের সাহায্যের জন্য অনুরোধ গ্রহণ করেন। উইটনেস লিয়াজোঁ অফিসার সাক্ষীর সুস্থতা মূল্যায়ন করতে এবং সেই চাহিদাগুলি পূরণ করার জন্য একটি এনগেজমেন্ট প্ল্যান তৈরি করতে তাদের সাথে যোগাযোগ করবেন। উইটনেস লিয়াজোঁ অফিসার প্রমাণ নিয়ে আলোচনা করেন না, আইনি পরামর্শ দেন না বা সাক্ষীদের চলমান পরামর্শ প্রদান করেন না।

সাক্ষী হিসেবে আমার কেমন অনুভব করা উচিত?

একজন সাক্ষী হিসেবে কমিশন অফিসারের কাছে সাক্ষাৎকার দিতে কিংবা সমন গ্রহণ করার ক্ষেত্রে আপনার অভিজ্ঞতা আপনাকে প্রভাবিত করতে পারে। উইটনেস রিপোর্টের সাধারণ প্রভাবগুলির মধ্যে রয়েছেঃ

- মানসিক চাপ অনুভব করা এবং উদ্ভিগ্ন হয়ে পড়া
- ঘুমের ব্যাঘাত ঘটা
- মনোনিবেশ করতে সমস্যা হওয়া

একজন সাক্ষী হিসেবে আমি কী কী ধরণের সহায়তা এবং রিসোর্স পেতে পারি?

উইটনেস লিয়াজোঁ অফিসার সাক্ষীদের বাহ্যিক সহায়তা পরিষেবাগুলিতে রেফার করতে পারেন যারা সাক্ষীদের তাদের মানসিক সুস্থতার প্রয়োজন মেটাতে সহায়তা করতে পারে। সহায়তা পরিষেবা কাউন্সেলিং সহায়তা প্রদানের জন্য সাক্ষীর সাথে একটি অ্যাপয়েন্টমেন্টের ব্যবস্থা করবে। কমিশন ছয়টি পর্যন্ত সাপোর্ট সেশন অর্থায়ন করবে এবং বিশেষ বিশেষ ক্ষেত্রে অতিরিক্ত সেশনের জন্য অর্থায়ন করতে পারে।

অন্যান্য সহায়তা পরিষেবা প্রদানকারী প্রতিষ্ঠানগুলির মধ্যে রয়েছেঃ

লাইফলাইন: টেলিফোন ১৩ ১১ ১৪

বেয়ন্ড ব্লু: টেলিফোন ১৩০০ ২২৪ ৬৩৬

উইটনেস লিয়াজোঁ এবং সহায়তা সম্পর্কে আরও তথ্যের জন্য অনুগ্রহ করে (০২) ৮২৮১-৫৯৯৯ নম্বরে উইটনেস লিয়াজোঁ অফিসারকে কল করুন অথবা witnessliaison@icac.nsw.gov.au ঠিকানায় ইমেইল করুন।